চুয়াডাঙ্গায় অনুর্ধ-১৮ টি-টোয়েন্টি ক্রিকেট টূর্ণামেন্টের ফাইনাল খেলা অনুষ্ঠিত

চুয়াডাঙ্গায় মুজিব শতবর্ষ অনুর্ধ-১৮ টি-টোয়েন্টি ক্রিকেট টূর্ণামেন্টের ফাইনাল খেলা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠিত হয়েছে।

শনিবার বিকেল ৫টায় চুয়াডাঙ্গা চাঁনমারী মাঠে টূর্ণামেন্টের ফাইনাল খেলা শেষে পুরস্কার বিতরণ করা হয়। ফাইনালে চুয়াডাঙ্গা সদর উপজেলা দল ৫ ইউকেটে আলমডাঙ্গা উপজেলা দলকে পরাজিত করে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে।

চুয়াডাঙ্গা জেলা যুবলীগের আহ্বায়ক ও জেলা ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক নঈম হাসান জোয়ার্দ্দারের সভাপতিত্বে পুরস্কার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন চুয়াডাঙ্গার পুলিশ সুপার জাহিদুল ইসলাম।
আরও উপস্থিত ছিলেন, জেলা মহিলা ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক সেলিনা খাতুন, জেলা ক্রীড়া সংস্থার নির্বাহী সদস্য নাসির আহাদ জোয়ার্দ্দার প্রমুখ।

চুয়াডাঙ্গার মাল্টাচাষীর পদক লাভ

মাল্টা চাষে ব্যাপক সাফল্যের কারণে চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার সাখাওয়াৎ হোসেন বাবুলকে পদক দিয়েছে বেসরকারি টেলিভিশন ‘চ্যানেল আই’। দেশের সর্ববৃহত মাল্টাচাষী হিসেবে তাকে এ পুরষ্কারে ভূষিত করা হয়।

চুয়াডাঙ্গার কৃষি খাতকে এগিয়ে নেয়ার স্বীকৃতি স্বরূপ সাখাওয়াৎ

হোসেনকে ‘চ্যানেল আই এগ্রো অ্যাওয়ার্ড ২০২০’-এর সেরা কৃষক (পুরুষ) পদক প্রদান করা হলো।

দামুড়হুদার মাল্টাচাষী সাখাওয়াৎ হোসেন জানান, গত ৮ জানুয়ারি রাজধানী ঢাকার একটি অভিজাত হোটেলে আনুষ্ঠানিকভাবে পুরষ্কারের নগদ টাকা ও ক্রেস্ট প্রদান করে চ্যানেল আই কর্তৃপক্ষ। অনুষ্ঠানে আটটি বিভাগে ব্যক্তি ও প্রতিষ্ঠানকে সম্মানিত করা হয়। ষষ্ঠ বারের মতো এ বছর স্ট্যান্ডার্ড চার্টার্ড চ্যানেল আই এগ্রো অ্যাওয়ার্ড প্রদান করা হলো।

তিনি আরো জানান, গত ২৪ ডিসেম্বর স্ট্যান্ডার্ড চার্র্টার্ড চ্যানেল আই এগ্রো অ্যাওয়ার্ড’র জুরি বোর্ডে সভায় বিজয়ীদের নাম ঘোষণা করা হয়।

এবারের পুরষ্কার প্রদান অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কৃষি মন্ত্রী আব্দুর রাজ্জাক, ইমপ্রেস টেলিফিল্ম লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক ফরিদুর রেজা সাগর, চ্যানেল আইয়ের বার্তা সম্পাদক শাইখ সিরাজ ও স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংকের প্রধান নির্বাহী কর্মকর্তা নাসের এজাজ বিজয়।

দামুড়হুদার হাউলী মাঠে সমকালীন পদ্ধতিতে ধান চাষ

চুয়াডাঙ্গার দামুড়হুদায় এই প্রথম খামার যান্ত্রিকই’ (সমকালীন) পদ্ধতি ধান চাষ শুরু করা হয়েছে। দামুড়হুদার হাউলির মাঠে এই পদ্ধতিতে ধান চাষ করা হয়েছে। ইতোমধ্যে তিন ধরনের পদ্ধতিতে বীজ তলা ও চারা তৈরির কাজ সম্পন্ন হয়েছে।

এই পদ্ধতিতে চাষ করে চাষিরা বেশি লাভবান হবে বলে আশা করছে স্থানীয় কৃষি বিভাগ। কৃষি অফিস সূত্রে জানা গেছে, দামুড়হুদা উপজেলার হাউলির মাঠের ১৫০ বিঘা জমিতে হাইব্রিড জাতের এই ধান চাষ করা হচ্ছে। এই পদ্ধতিতে চাষিরা অর্ধেক খরচে তাদের ধান ঘরে তুলতে পারবে বলেও ধারণা করা হচ্ছে।

দামুড়হুদা উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদফতর সূত্রে জনা যায়, দিন দিন আবাদী জমির পরিমাণ কমে যাচ্ছে। সেই সাথে কৃষি শ্রমিকের সংখ্যা হ্রাস পাচ্ছে। ফলে কৃষিতে শ্রমিকের মজুরি বেড়ে যাচ্ছে, তাতে করে ধানের উৎপাদন খরচ বেড়ে যাচ্ছে।

এই কারণে ধান গবেষণা ইনস্টিটিউটের ফার্ম মেশিনারি এন্ড পোস্টহারভেস্ট টেকনোলজি বিভাগ যান্ত্রিক পদ্ধতিতে ধান চাষাবাদের লক্ষ্যে খামার যন্ত্রপাতি গবেষণা কার্যক্রম বৃদ্ধিকরণ প্রকল্পের আওতায় বিশেষ কার্যক্রম হাতে নিয়েছে। ধানের উৎপাদন খরচ কমাতে দেশের ৪৯২ উপজেলার মধ্যে ৬১টি উপজেলায় প্রথম বারের মত এই পদ্ধতিতে চাষ করা হচ্ছে।

এর মধ্যে দামুড়হুদা উপজেলার হাউলির মাঠে এক নম্বর সেচ পাম্পের আওতায় দামুড়হুদা কৃষি অফিসের তত্ত্বাবধানে ১৫০ বিঘা জমিতে ধান রোপণের জন্য ২বিঘা জমিতে তিন ভাগে সাধারণত ধান ছিটিয়ে, ট্রে-তে ও পলিথিনের উপর মাটি দিয়ে বীজ তলা তৈরির কাজ শেষ হয়েছে। ধান রোপণের জন্য জমি তৈরির কাজ চলছে। রাইস ট্রান্সপ্লান্টার মেশিনের মাধ্যমে ধান রোপণ করা হবে ও কম্বাইন হারভেস্টার মেশিনের মাধ্যমে কাটা ও ঝাড়াই করা হবে।

এই সমকালীন পদ্ধতিতে হাইব্রীড ধান রোপণ, কাটা ঝাড়াইসহ প্রায় ৬ থেকে ৭হাজার টাকা খরচ করে কৃষকরা তাদের চাষকৃত ধান ঘরে তুলতে পারবে বলে আশা করা হচ্ছে। ফলে চাষীরা বেশি লাভবান হবে।

ইতোমধ্যে যশোর অঞ্চল কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অতিরিক্ত পরিচালক পার্থ প্রতীম সাহা, চুয়াডাঙ্গা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক আলি হাসান, দামুড়হুদা উপজেলা কৃষি অফিসার মো মনিরুজ্জামান ও চুয়াডাঙ্গা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের কৃষি প্রকৌশলী আনোয়ার হোসেন বীজ তলা পরিদর্শন করেছেন।

দর্শনা থানা পুলিশের অভিযানে

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

মোঃমহিউদ্দিন সঙ্গীয় ফোর্স নিয়ে দর্শনা থানাধীন প্রতাপপুর গ্রাম হতে, ০৩ (তিন) কেজি গাঁজা উদ্ধারসহ ৩ জন আসামিকে গ্রেফতার করে। আসামিরা হলেন ১/ মোঃ বুদো (৪৩), পিতাঃ মোঃ আবুল কালাম, গ্রাম চন্ডিপুর,

আসামি ২/মোঃ খোদাবক্স (২৭), পিতাঃ মোঃ হায়দার আলী গ্রাম প্রতাপপুর আসামি ৩/মোঃআবু মুসা পিতা-মৃত মোসলেম গ্রাম কৃষ্ণপুর বোয়ালমারী, উভয়ে দর্শনা থানার জেলাঃ চুয়াডাঙ্গা এর বাসিন্দা। গ্রেফতার কৃত সকল আসামির বিরুদ্ধে মাদকদ্রব্য আইনে মামলা দায়ের করা হয়েছে।

আলমডাঙ্গায় গাঁজাসহ আটক ১

আলমডাঙ্গা থানা পুলিশের অভিযানে ১০০ গ্রাম গাঁজাসহ চাঁদ মিয়া নামের এক জন আটক হয়েছে। গতকাল বৃহস্পতিবার রাত ৯টার দিকে হাউসপুরের হঠাৎ পাড়া থেকে তাকে আটক করে।

জানা গেছে, আলমডাঙ্গার পৌর এলাকার হাউসপুর গ্রামের বাবু শেখের ছেলে চাঁদ মিয়া দীর্ঘদিন যাবৎ গোপনে গাঁজার ব্যবসা চালিয়ে আসছে।

গতকাল বৃহস্পতিবার রাত ৯ টার দিকে আলমডাঙ্গা থানার এসআই সিদ্ধার্থ, এসআই সুলতান মাহমুদ, এসআই সুফল কুমার বিশ্বাস, এএসআই সাহাবুদ্দিন লস্কর সঙ্গীয় ফোর্স হাউসপুর হঠাৎ পাড়ার তিন রাস্তার মোড় থেকে তাকে আটক করে।

তার শরীর তল্লাশী করে ১০০ গ্রাম গাঁজা উদ্ধার করে। তার বিরুদ্ধে মাদক বিরোধী আইনে মামলা দায়ের করা হয়েছে।

কন্যাসন্তান জন্ম নিলেই মিলবে পুলিশের উপহার

কন্যা সন্তানের বাবা-মাকে পুরস্কৃত করার উদ্যোগ নিয়ে আলোচনায় এসেছেন চুয়াডাঙ্গা জেলা পুলিশ। কন্যা সন্তান বোঝা নয় আশীর্বাদ, কন্যা সন্তান আল্লাহর শ্রেষ্ঠ পুরস্কার। কন্যা সন্তান জন্ম হলে হট লাইনে ফোন করলেই সঙ্গে সঙ্গে পুলিশ বাড়িতে পৌঁছে দেবে উপহার ।

সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে গতকাল বৃহস্পতিবার রাতে স্ট্যাটাস দিয়ে উপহারের ঘোষণা দেন চুয়াডাঙ্গা পুলিশ সুপার জাহিদুল ইসলাম। সেখানে লেখা হয়েছে,
“ কন্যা সন্তান বোঝা নয়, আশীর্বাদ কন্যা সন্তান আল্লাহর শ্রেষ্ঠ পুরস্কার
কন্যা সন্তান মা-বাবার জন্য জান্নাতের সুসংবাদ নিয়ে দুনিয়ায় আগমন করে”

চুয়াডাঙ্গা জেলা পুলিশের এ মহৎ উদ্যোগকে সাধুবাদ জানিয়েছে চুয়াডাঙ্গার সুশিল সমাজের মানুষ।

এমন উদ্যোগ নিয়েছেন কেন? বিষয়টি জানতে চাইলে চুয়াডাঙ্গা পুলিশ সুপার জাহিদুল ইসলাম বলেন, দেখা যায় কন্যা সন্তানকে আমাদের এই সমাজে মূল্যায়ণ করা হয় না। সম্প্রতি গত সপ্তাহে একটি খবরের মাধ্যমে দেখতে পেলাম কন্যা সন্তান জন্ম দেওয়ায় হাসপাতালের বেডে থাকা অবস্থায় স্ত্রীকে ডির্ভোস পেপার দিয়ে গেলো স্বামী। খবরটা দেখে মনে হলো মানুষের মাঝে এখনো ভ্রান্ত ধারণার বা অসচেতনতা রয়েছে। ‘কন্যাসন্তান বোঝা নয়’ সেই ভ্রান্ত ধারণার কিছুটা হলেও মানুষের মাঝে সচেতনা বাড়াতে আমাদের এই প্রচেষ্টা।’

তিনি আরো জানান, ‘কন্যাসন্তান হওয়ার খবর পাওয়ার সঙ্গে সঙ্গে জেলা পুলিশের পক্ষ থেকে নবজাতকের পোশাকসহ উপহারসামগ্রী পাঠানো হবে।’

কন্যাসন্তান জন্ম হলে ফোন করুন, উপহার পৌঁছে যাবে সাথে সাথে। এই উপহার অব্যাহত রাখতে পুলিশকে কন্যাসন্তান জন্মানোর খবর জানানোর জন্য পুলিশ কন্ট্রোলরুমের একটি মোবাইলফোন নম্বর (০১৩২০-১৪৯০৯৮) দেওয়া হয়েছে।

এছাড়াও চুয়াডাঙ্গা সদর থানার অফিসার ইনচার্জ আবু জিহাদ জানায়, জেলা পুলিশের ফেসবুক পেজে গতকাল বৃহস্পতিবার রাতে একটি স্ট্যাটাস দেওয়া হয়। এরপর বিষয়টি নিয়ে সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে ব্যাপক আলোচনার সৃষ্টি হয়।

আমি গ্রাম্য এলাকা লক্ষ্য করে দেখেছি কন্যা সন্তান হলে অনেকে মন খারাপ করে। তাদের উৎসাহিত করা এবং তাদের বুঝাতে হবে ছেলে মেয়ে সবাই সমান, মেয়েরা শিক্ষা এবং কর্ম জীবনে অনেকে এগিয়ে আছে। এ মহৎ উদ্যোগ নেওয়ায় পুলিশ সুপার জাহিদুল ইসলাম স্যার কে আমি সাধুবাদ জানায়।

নতুন প্রজন্মকে মুক্তিযুদ্ধের ঠিক ইতিহাস জানতে হবে

চুয়াডাঙ্গা-১ আসনের সংসদ সদস্য ও জেলা আওয়ামী লীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন আলমডাঙ্গার বধ্যভূমি সংলগ্ন পার্কের জায়গা পরিদর্শন করেন।

পরিদর্শনকালে এমপি ছেলুন জোয়ার্দ্দার বলেন, চিত্ত বিনোদনের পাশাপাশি মুক্তিযুদ্ধের ইতিহাসকে জানাতেই এই বধ্যভূমি পার্ক নির্মাণ করা হচ্ছে। নতুন প্রজন্মকে মুক্তিযুদ্ধের ঠিক ইতিহাস জানতে হবে।

আজকে মুক্তিযুদ্ধের ইতিহাসকে বিকৃত করতে স্বাধীনতা বিরোধীরা উঠে পড়ে লেগেছে। দেশে গুজব ছড়িয়ে বিভ্রান্তি সৃস্টি করছে। সকল ষড়যন্ত্র রুখে দিয়ে দেশকে আরো উন্নয়নের শিখরে নিয়ে যেতে হবে।

বধ্যভূমি পরিদর্শনকালে আরো উপস্থিত ছিলেন আলমডাঙ্গা উপজেলা নির্বাহী অফিসার মো: লিটন আলী, থানার অফিসার ইনচার্জ আলমগীর কবির, সাবেক উপজেলা চেয়ারম্যান হেলাল উদ্দিন, আলমডাঙ্গা উপজেলা আওয়ামী লীগের সহসভাপতি বিশিষ্ট ব্যবসায়ী লিয়াকত আলী লিপু মোল্লা, সাবেক চেয়ারম্যান মতিয়ার রহমান, উপজেলা ভাইস চেয়ারম্যান এ্যাড: সালমুন আহম্মেদ ডন, পৌর আওয়ামী লীগের যুগ্ম-সম্পাদক

সাইফুর রহমান পিন্টু,

কুমারী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আবু সাঈদ পিন্টু, আওয়ামী লীগ নেতা আমিনুল ইসলাম অপু মোল্লা, যুবলীগ নেতা আহসান উল্লাহ, সাজ্জাদুল ইসলাম স্বপন, পৌর ছাত্রলীগ সভাপতি নয়ন সরকার, সরকারী কলেজ ছাত্রলীগের সভাপতি আশরাফুল হক, ওয়ার্ড আওয়ামী লীগ নেতা রেজাউল হক তবা, জাহাঙ্গীর হেসেন, খন্দকার মজিবুল হক, ইউনিয়ন যুবলীগ নেতা টুটূল, ছাত্রলীগ নেতা নাহিদ হাসান তমাল, হাসানুজ্জামান হাসান, সাকিব, রকি প্রমুখ।

জীবননগর পৌর ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক মানিকের মৃত্যু

জীবননগর পৌর ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক নাজমুল আলম মানিকের অকাল মৃত্যুতে বিভিন্ন মহল শোক প্রকাশ করেছে।

গতকাল বৃহস্পতিবার রাতে নিজ বাড়ি জীবননগর পৌর সভার ৭নং ওর্য়াড পোস্ট অফিস পাড়ায় হৃদরোগে আক্রান্ত হলে তাকে চিকিৎসার জন্য যশোর সদর হাসপাতালে ভর্তি করা হয়। সেখানে তার মৃত্যু হয়।

নাজমুল আলম মানিক জীবননগর পৌর সভার ৭নং ওয়ার্ড পোস্ট অফিস পাড়ার মৃত রবজেল মন্ডলের ছেলে এবং জীবননগর পৌর ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক।

সে জীবননগর থানা পাইলট মাধ্যমিক বিদ্যালয়ের অফিস সহকারী হিসেবে কর্মরত ছিলো। গতকাল বৃহস্পতিবার বিকাল সাড়ে ৪টার সময় জীবননগর পৌর কেন্দ্রীয় ঈদগা ময়দানে জানা যার নামাজ শেষে কেন্দ্রীয় কবর স্থানে দাফন করা হয়।

মরহুমের মৃত্যুতে শোক প্রকাশ করেছেন জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান, সাবেক চেয়ারম্যান আবু মোঃ আঃ লতিফ অমল, চুয়াডাঙ্গা পৌর সভার মেয়র ওবাইদুর রহমান চৌধুরী জিপু, সাবেক কমিশনার রফিকুল ইসলাম, সাংবাদিক জাহিদ বাবু, মাজেদুল

মিল্টন, সে¦চ্ছাসেবী সংগঠন শিকড় সমাজ কল্যাণ সংস্থার জেলা কমিটির সাধারণ সম্পাদক মিঠুন মাহমুদ, বন্ধু রক্তদান কেন্দ্রের সভাপতি তুহিনুজ্জামান প্রমুখ।

জীবননগরে মহেশপুর-৫৮ বিজিবির পরিচালক লে.কর্ণেল কামরুল আহসানকে সংবর্ধনা প্রদান

চোরাচালান নিরোধ ও মাদকদ্রব্য আটকে সমগ্র ব্যাটালিয়নের মধ্যে মহেশপুর-৫৮ বিজিবি ব্যাটালিয়ন রার্নাসআপ হওয়ায় মহেশপুর-৫৮ বিজিবি ব্যাটালিয়নের পরিচালক লে.কর্ণেল কামরুল আহসানকে সংবর্ধনা ও সম্মননা স্বরুপ ক্রেস্ট প্রদান করা হয়েছে।

গতকাল বৃহস্পতিবার বেলা ১২টার সময় জীবননগর সে¦চ্ছাসেবী সংগঠন শিকড় সমাজ কল্যাণ সংস্থার আয়োজনে এ সংবর্ধনা ও সম্মনা স্বারক ক্রেস্ট প্রদান করা হয়।

জীবননগর শিকড় সমাজ কল্যাণ সংস্থার জেলা কমিটির সাধারণ সম্পাদক মিঠুন মাহমুদের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মহেশপুর -৫৮ বিজিবির পরিচালক লে.কর্ণেল কামরুল আহসান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান, জীবননগর উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী, জীবননগর ডিগ্রী কলেজের সাবেক উপধ্যক্ষ নজরুল ইসলাম, সীমান্ত ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মঈন উদ্দিন ময়েন, শিক্ষক আঃ সামাদ, সামিউল ইসলাম সাহেব, জাকির বিশ্বাস, মাজেদুল মিল্টনসহ শিকড় সমাজ কল্যাণ সংস্থার চাষী রমজান, মফিজুল ইসলাম, হোসেন আহম্মেদ লাবনী, ঐশ্বর্য সাহা, সাদিয়া, রিয়াজ, সোহাগ, প্লাবন, মিম, তনু, আঃ আলিমসহ এলাকার সুধী, সাংবাদিক ও শিকড় সমাজ কল্যাণ সংস্থার সদস্যগণ।

এ সময় প্রধান অতিথিকে সম্মনা স্বারক প্রদান করেন শিকড় সমাজ কল্যাণ সংস্থার চুয়াডাঙ্গা জেলা কমিটির সাধারণ সম্পাদক মিঠুন মাহমুদ, কোষাধ্যক্ষ হুসাইন আহম্মেদ, জীবননগর উপজেলা শাখার সভাপতি তুহিনুজ্জামান, সাধারণ সম্পাদক লাবনী।

উক্ত অনুষ্ঠানটি সার্বিক পরিচালনা করেন শিকড় সমাজ কল্যাণ সংস্থার চুয়াডাঙ্গা জেলা কমিটির সহ-সভাপতি চাষী রমজান ।